কানাইঘাট দক্ষিণ বাণীগ্রাম ইউপিতে ইউএনও সুমন্ত ব্যানার্জির ত্রাণ সামগ্রী বিতরণ

কানাইঘাট প্রতিনিধি ◌ঃ সিলেটের কানাইঘাট উপজেলার বন্যা দুর্গত এলাকায় প্রধানমন্ত্রীর উপহারের ত্রাণ সামগ্রী বিতরণ অব্যাহত রয়েছে।
উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির পাশাপাশি প্রশাসনের মনিটরিং টিম সহ ৯টি ইউনিয়ন ও পৌরসভার জনপ্রতিনিধিরা বন্যা দুর্গত এলাকায় সরকারি ত্রাণ বিতরণ করে যাচ্ছেন। ধারাবাহিক ভাবে গতকাল সোমবার দিনভর দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের বিভিন্ন বন্যা দুর্গত এলাকায় নৌকা নিয়ে ও পায়ে হেটে সরকারি ত্রাণের চাল ও শুকনো খাদ্য সামগ্রী বিতরণ করেন নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি।
এ সময় তার সাথে উপস্থিত ছিলেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজা বেগম, দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাস্টার লোকমান উদ্দিন সহ বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ। ত্রাণ বিতরণকালে নির্বাহী কর্মকর্তা বলেন, প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী এবং সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান স্যারের নির্দেশে কানাইঘাট উপজেলার প্রতিটি এলাকায় বন্যা দুর্গত পরিবারের মধ্যে সরকারি ত্রাণ সামগ্রী পৌঁছে দিতে স্থানীয় প্রশাসনের পাশাপাশি জনপ্রতিনিধিরা নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছেন। পর্যায়ক্রমে আমরা প্রত্যেকটি বানভাসি পরিবারের কাছে পর্যাপ্ত পরিমাণ ত্রাণ সামগ্রী পৌঁছে দিতে পারব এবং সরকারের পক্ষ থেকে যেসব অনুদান আসবে সেটি সুষ্ঠু ভাবে আমরা বন্টন করব।